



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
www.jessoreboard.gov.bd

নম্বর: ৩৭.১১.৪০৪১.০০০.৪৪২.৩২.০০০১.২০.৩৩

তারিখ: ১৪ শ্রাবণ ১৪৩২ বঙ্গাব্দ
২৯ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণিতে বিষয়/বিভাগ/ভার্সন/ ছবি সংশোধন বা পরিবর্তন প্রসঙ্গে

এতদ্বারা এ বোর্ডের আওতাধীন সকল কলেজ/উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের অধ্যক্ষ/প্রধান শিক্ষক, দ্বাদশ শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থী এবং তাদের অভিভাবকসহ সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের বিষয়, বিভাগ এবং ভুল ছবি সংশোধন বা পরিবর্তনের জন্য ০৩-০৮-২০২৫ খ্রি. তারিখ থেকে ০২-১০-২০২৫ খ্রি. তারিখ পর্যন্ত অনলাইনে নির্ধারিত ফিসসহ আবেদন করা যাবে। উক্ত সময়ের পর ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে দ্বাদশ শ্রেণির শিক্ষার্থীদের বিষয়, বিভাগ এবং ভুল ছবি সংশোধন বা পরিবর্তনের আবেদন করার কোন সুযোগ থাকবে না। ২। শিক্ষামন্ত্রণালয়ের "২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালা ২০২৪"-এর ৫.১১ উপানুচ্ছেদ অনুসারে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় বিজ্ঞান শাখা থেকে উত্তীর্ণ শিক্ষার্থী পরবর্তীতে দ্বাদশ শ্রেণিতে মানবিক শাখা বা ব্যবসায় শিক্ষা শাখায় ভর্তি হলে বিজ্ঞান বিভাগে গ্রুপ/বিভাগ পরিবর্তনের সুযোগ নেই।

৩। শিক্ষার্থীকে বিষয়, বিভাগ এবং ভুল ছবি সংশোধন বা পরিবর্তনের নির্ধারিত আবেদন ফরমে (ওয়েবসাইটের ডাউনলোড মেনুতে আবেদন ফরম পাওয়া যাবে) আবেদন করে সংশ্লিষ্ট কলেজে আবেদনপত্র জমা দিতে হবে। কলেজের অধ্যক্ষ আবেদনের তথ্যাদি এবং নিবন্ধিত বিষয় যাচাই করে অনলাইনে এ বোর্ডের ওয়েবসাইটে Our Services অংশে institute panel থেকে Group & subject change লিংকে শিক্ষার্থীর আবেদন 'সাবমিট' করবেন। শিক্ষার্থীর প্রার্থিত বিষয় সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে কিনা যাচাই করে নিশ্চিত হয়ে আবেদন সাবমিট করতে হবে।

বি. দ্র. : ১। বিষয় নির্বাচনের ক্ষেত্রে জাতীয় শিক্ষাক্রম-২০১২-এর একাদশ-দ্বাদশ শ্রেণির বিষয় কাঠামো অনুসরণ করে শাখাভিত্তিক তিনটি নৈর্বাচনিক বিষয় এবং শাখাভিত্তিক একটি ঐচ্ছিক বিষয় নির্বাচন করতে হবে।

২। আবেদন দাখিলের লিংক : (institute.jessoreboard.gov.bd->Group & subject change->Create Application)

৩। কলেজ কর্তৃক Institute panel থেকে লগইন করে একাদশ শ্রেণির শিক্ষার্থীদের তালিকা প্রিন্ট করে তাদের বিষয়, বিভাগ ও ছবি কলেজ ভর্তি ফর্ম, পরবর্তীতে বিষয়/বিভাগ/ছবি পরিবর্তনের আবেদন এবং একাদশ শ্রেণিতে অনলাইনে নিবন্ধন-এর বিষয়ের সাথে মিল আছে কিনা তা যাচাই করে নিশ্চিত হতে হবে।

২৯-০৭-২০২৫

এস. এম. তোহিদুজ্জামান
কলেজ পরিদর্শক

০২৪৭৭৬২৬৯৮

ic@jessoreboard.gov.bd

অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইলঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। অধ্যক্ষ/প্রধান শিক্ষক, এ বোর্ডের আওতাধীন সকল কলেজ এবং উচ্চ মাধ্যমিক বিদ্যালয়।

